দৈনিক ইত্তেফাক

তারিখ 29 AUG 1996
পৃষ্ঠা ৩ কলাম ৮

১৪

# কেবল মানবিক কারণে ৯০৮ জনকে 'পাস' দেওয়া হইয়াছে

.................................... শিক্ষামন্ত্রী

ইত্তেফাক রিপোর্ট ।। এস এস সি পরীক্ষায় সেটকোড না লিখায় ও বৃত্ত পূরণ না করায় শিক্ষাবোর্ড কর্তৃক ২০০০ জন ছাত্র-ছাত্রীকে অকৃতকার্য ঘোষণার পর ৭০০ ও

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## কেবল মানবিক কারণে

(৩য় পৃঃ পর)

৮৫০ নম্বর পাওয়া ৯০৮ জন ছাত্র-ছাত্রীকে শুধু পাশ কথাটি লিখিয়া দেওয়ার প্রসঙ্গটি বিরোধী দলের নিজাম উদ্দিন খান গত মঙ্গলবার মনোযোগ আকর্ষণ হিসাবে সংসদে উত্থাপন করিলে শিক্ষামন্ত্রী এ এস কে এস সাদেক বলেন, এ ভুল কম্পিউটার পরীক্ষক, বোর্ডের নয়, শিক্ষার্থীদের। তিনি বলেন, ৯০৮ জন ছাত্র-ছাত্রী ভুল স্বীকার না করিয়া অন্যের উপর দোষ চাপাইয়া আন্দোলন করিয়াছে। তবু প্রধানমন্ত্রী তাহাদের বিষয়টি দেখিতে বলিয়াছেন। সেটকোড না থাকায় তাহারা কোন্ প্রশ্নপত্রে পরীক্ষা দিয়াছে তাহা নিশ্চিত নয়। তাই, কেবল মানবিক কারণে ৯০৮ জনকে পাশ দেওয়া হইয়াছে। অন্যান্য বিষয়ে পাওয়া নম্বরের গড় রাশি সেটকোডহীন বিষয়ে প্রাপ্ত নম্বর হিসাবে দেখাইয়া ফলাফল দেওয়ার অনুরোধ শিক্ষামন্ত্রী প্রত্যাখ্যান করেন।